# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 08-07-2026** **Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরে ১২ বছরের নাবালিকাকে ধর্ষণ ও খুনের ঘটনার তদন্তে ডিজিপি-কে ৭২ ঘণ্টার মধ্যে পূর্ণাঙ্গ রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। কোন অপরাধীকে রেহাই দেওয়া হবে না বলে তিনি স্পষ্ট জানিয়ে দেন।

এবার দক্ষিণ কলকাতার নেতাজীনগরে এক নাবালিকাকে যৌন নিগ্রহ এবং ধর্ষণের অভিযোগ উঠেছে।

২) রাজ্যের বন্ধ থাকা সবকটি জুটমিল আগামী ১০ জুলাই এর মধ্যে খুলতে চলেছে।

৩) রাজ্যের উন্নয়নমূলক প্রকল্পে বার্ষিক বাজেটের ৩৩ শতাংশ খরচে ছাড়পত্র দিল অর্থ দপ্তর।

৪) পশ্চিমবঙ্গে বিজেপি সরকারকে ক্ষমতায় আনার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ধন্যবাদ জানিয়েছেন ইন্দোনেশিয়ায় বসবাসকারী ভারতীয়রা।

৫) পুজোর পরেই কলকাতা ও হাওড়া পুরসভার নির্বাচন সেরে ফেলতে চাইছে রাজ্য সরকার।

৬) কলকাতা হাইকোর্টে আজ ২০১৬ সালের উচ্চপ্রাথমিকে নিয়োগ সংক্রান্ত কাউন্সেলিং মামলার শুনানির আগেই গতকাল স্কুল সার্ভিস কমিশন কাউন্সেলিং-এর বিজ্ঞপ্তি জারি করেছে।।

oooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরে ১২ বছরের নাবালিকাকে ধর্ষণ ও খুনের ঘটনার তদন্তে কোনও অপরাধীকে রেহাই দেওয়া হবে না বলে, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী স্পষ্ট জানিয়েছেন। গতকাল সাংবাদিক বৈঠকে তিনি জানান, মূল অভিযুক্তদের গ্রেফতার করা হয়েছে এবং গণপিটুনি, অগ্নিসংযোগ ও ভাঙচুরের ঘটনায় প্রায় ২০০ জনকে চিহ্নিত করে গ্রেফতারের প্রক্রিয়া চলছে।

( বাইট- মুখ্যমন্ত্রী )

নিহত নাবালিকার পরিবারের সঙ্গে দেখা করে তাঁদের দাবি শোনার পাশাপাশি আর্থিক ও অন্যান্য সহায়তার আশ্বাস দেন মুখ্যমন্ত্রী। সূর্যপুরে একটি পুলিশ আউটপোস্ট গড়ে তোলারও ঘোষণা করেন তিনি। DGP-কে ৭২ ঘণ্টার মধ্যে পূর্ণাঙ্গ রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন বলেও মুখ্যমন্ত্রী জানান।

এছাড়াও ফুটবল খেলা নিয়ে বিবাদের জেরে খুন হয়ে যাওয়া ১৭ বছরের কিশোর প্রসেনজিত বিশ্বাসের পরিবারের সঙ্গেও দেখা করেছেন শ্রী অধিকারী। বারুইপুর থেকেই মুখ্যমন্ত্রী রাজ্যের সব পুলিশ সুপার ও কমিশনারদের সঙ্গে ভার্চুয়ালি বৈঠকে যোগ দেন।

এদিকে, রাজ্যের মন্ত্রী অগ্নিমিত্রা পাল, বিজেপি নেত্রী লকেট চট্টোপাধ্যায় এবং ফাল্গুনী পাত্র গতকাল সকালে বারুইপুরে কন্যাহারা বাবা-মায়ের সঙ্গে দেখা করেন। বারুইপুরে নাবালিকার মৃত্যু ও নির্যাতনের ঘটনায় রাজ্য সরকার কঠোরতম পদক্ষেপ নিচ্ছে বলে মন্ত্রী অগ্নিমিত্রা পাল জানিয়েছেন।

( বাইট- অগ্নিমিত্রা )

পরে বিধানসভার বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায়, সাংসদ সায়নী ঘোষ এবং কাকলি ঘোষ দস্তিদারও ঘটনাস্থলে যান।

এদিকে, বারুইপুর কাণ্ডের পরিপ্রেক্ষিতে বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য গতকাল দলের হুগলী সাংগঠনিক জেলার বৈঠকে যোগ দিতে শ্রীরামপুরে এসে বলেন, রাজ্য সরকার তৎপরতার সঙ্গে যেকোনো ধরণের বিচ্যুতি, অসামাজিক কাজকে রুখে দেওয়ার ব্যবস্থা করছে। এই নিয়ে উদ্বিগ্ন হওয়ার প্রয়োজন নেই।

oooooooooooooooooooo

বারুইপুরের পরে এবার দক্ষিণ কলকাতার নেতাজীনগরে এক নাবালিকাকে যৌন নিগ্রহ এবং ধর্ষণের অভিযোগ উঠেছে। এই ঘটনায় পুলিশ বাবলু বাগ নামে এক টোটো চালককে

গ্রেফতার করেছে। পুলিশ সূত্রের খবর, মঙ্গলবার ওই নাবালিকাকে খাবারের লোভ দেখিয়ে নিজের বাড়িতে ডেকে নিয়ে যায় অভিযুক্ত। পরে ওই নাবালিকার ওপর যৌন নির্যাতন চালায় সে।

নির্যাতিতা শিশুটির শারীরিক পরীক্ষা করানো হয়েছে। ভারতীয় ন্যায় সংহিতার ধর্ষণের ধারায় মামলা রুজু করেছে পুলিশ। দেওয়া হয়েছে পকসো আইনের একাধিক ধারা।

oooooooooooooooooooo

রাজ্যের বন্ধ থাকা সবকটি জুট মিল আগামী ১০ জুলাই  এর মধ্যে খুলতে চলেছে। গতকাল নিউ সেক্রেটারিয়েটে শ্রম দপ্তরে, শ্রমমন্ত্রীর উপস্থিতিতে হুগলি , হাওড়া, উত্তর ২৪ পরগনা এবং পূর্ব বর্ধমানের ইন্ডিয়া জুট, হেস্টিংস, গোন্দোলপাড়া, এম্পায়ার, লুমটেক্স, শক্তি গড়  এবং হাওড়া জুট মিলের মালিকপক্ষ ও শ্রমিক ইউনিয়নের প্রতিনিধিদের মধ্যে আলাদা আলাদা ভাবে ত্রিপাক্ষিক  বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন শ্রম দপ্তরের  রাষ্ট্রমন্ত্রী ভাস্কর ভট্টাচার্য, বিশেষ শ্রম কমিশনার  আশিস সরকার এবং জেলার অন্যান্য আধিকারিকরা। বৈঠকে এই সব  জুট মিল আগামী ১০ ই জুলাই এর মধ্যে খুলে যাওয়ার সিদ্ধান্ত হয়। মিটিংয়ের সিদ্ধান্ত অনুসারে মিল কর্তৃপক্ষ এই মর্মে সাসপেনশন অব ওয়ার্ক তুলে নেবার নোটিশ দেবে। প্রথমে রক্ষনাবেক্ষণের কাজ শুরু হবে এবং ১৬ ই জুলাই থেকে ধাপে ধাপে উৎপাদন শুরু হবে।  শ্রমমন্ত্রী  অর্জুন সিংয়ের উদ্যোগে এবং শ্রম কমিশনারেটের  এই সিদ্ধান্তের ফলে প্রায় ২০ হাজারের বেশি চটকল শ্রমিক তাদের কাজ ফিরে পাবে বলে মনে করা হচ্ছে।

oooooooooooooooooooo

রাজ্যের উন্নয়নমূলক প্রকল্পে বার্ষিক বাজেটের ৩৩ শতাংশ খরচে ছাড়পত্র দিল অর্থ দপ্তর। গতকাল নবান্ন  চলতি আর্থিক বছরে স্টেট ডেভেলপমেন্ট স্কিম সংক্রান্ত নির্দেশিকা জারি করেছে।  এপ্রিল, মে, জুন এবং জুলাই– এই চার মাসের অন্তর্বর্তীকালীন বাজেটে বরাদ্দ অর্থের সাপেক্ষে রাজ্যের এই সিদ্ধান্ত। নির্দেশিকা অনুযায়ী, গ্রামাঞ্চলের পরিকাঠামো উন্নয়নে সমপরিমাণ অর্থ খরচ করা যাবে। 'রুরাল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফান্ড'–এর অধীনস্থ প্রকল্পগুলি সরাসরি এর আওতায় আসবে। প্রশাসনিক দপ্তরগুলি তাদের অনুমোদিত প্রকল্পের জন্য সরাসরি এই ফান্ড মঞ্জুর করতে পারবে। তবে পঞ্চদশ ও ষোড়শ অর্থ কমিশনের প্রকল্প, কেন্দ্রের আর্থিক সহায়তা প্রাপ্ত প্রকল্পগুলিতে সরাসরি টাকা ছাড়া যাবে না। সেক্ষেত্রে অর্থ দপ্তরের বাজেট শাখার আগাম অনুমোদন নিতে হবে। সরকারি ঋণ, ভর্তুকি এবং বিনিয়োগের ক্ষেত্রেও অর্থ দপ্তরের

চূড়ান্ত ছাড়পত্র লাগবে। যেকোনও প্রকল্পের অর্থ ছাড়ের আগে সংশ্লিষ্ট দপ্তরের আর্থিক উপদেষ্টার অনুমোদন লাগবে। পূর্ব নির্ধারিত বাজেটের বাইরে গিয়ে অতিরিক্ত অর্থব্যয় করা যাবে না।

oooooooooooooooooooo

তারতলায় বিপর্যয়ের পর কলকাতা পুরসভার প্রাক্তন মেয়র ফিরহাদ হাকিমের OSD কালীচরণ ব্যানার্জীর গ্রেফতারির পর তাকে ঘিরে একের পর এক দুর্নীতির চাঞ্চল্যকর তথ্য সামনে আসছে। বিশেষ করে বেআইনি নির্মাণ'রেগুলারাইজেশন'-এর নামে বিপুল অঙ্কের ঘুষ আদায়ের অভিযোগে পুরসভার বিল্ডিং আইনের ৪০১ ধারার একাধিক ফাইল এখন তদন্তের আওতায় আনতে চাইছে সিট।

রেগুলারাইজেশনের ফাইলই এই চক্রের অন্যতম বড় অর্থের উৎস বলে দাবি।
অভিযোগ বেআইনি নির্মাণের ক্ষেত্রে ৪০১ ধারায় 'স্টপ ওয়ার্ক' নোটিস জারি করা হত। এরপর রেগুলারাইজেশনের নামে মোটা অঙ্কের টাকা দাবি করা হত।
টাকা না দিলে ফাইল দীর্ঘদিন ফেলে রাখা অথবা ভাঙার নির্দেশ দেওয়ার অভিযোগও উঠেছে।
এর পিছনে শুনানি বিভাগের আরও দুই আধিকারিকও রয়েছেন বলে জানা গেছে।

oooooooooooooooooooo

রাজ্যে আসন্ন রাজ্যসভার তিনটি আসনের উপ নির্বাচনের প্রস্তুতি নিয়ে আলোচনা করতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক Neelam Meena গতকাল বিধানসভার সচিব তথা এই নির্বাচনের রিটার্নিং অফিসারের সঙ্গে বৈঠক করেন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে আয়োজিত ওই বৈঠকে রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী, উপ মুখ্য নির্বাচনী আধিকারিক সুমন্ত রায় সহ অন্যান্য আধিকারিকরা উপস্থিত ছিলেন বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রের খবর।

উল্লেখ্য, আগামী ২৪ জুলাই এই নির্বাচন হওয়ার কথা।

oooooooooooooooooooo

পশ্চিম বাংলায় নির্বাচনের আঁচ পড়ল ইন্দোনেশিয়াতেও। গতকাল সেখানে ভারতীয় বংশোদ্ভূত এবং ইন্দোনেশিয়ায় বসবাসকারী ভারতীয়দের এক সমাবেশে প্রধানমন্ত্রীকে পশ্চিমবাংলায় বিজেপি সরকারকে ক্ষমতায় আনার জন্য ধন্যবাদ জানানো হয়। তার কাছে জানতে চাওয়া হয় পশ্চিম বঙ্গের উন্নয়নে লক্ষ্যে তিনি কি করতে চান ।প্রত্যুত্তরে প্রধানমন্ত্রী বলেন তার কাজ হল

অর্থ তছরুপ বন্ধ করে প্রকৃত প্রাপকের হাতে সেই অর্থ পৌঁছে দেওয়া। তিনি বলেন এই ভাবেই পশ্চিমবঙ্গের উন্নয়নের জন্য রাজ্য সরকার কাজ করবে অর্থাৎ অর্থ আত্মসাৎ বন্ধ করে তাকে উন্নয়নের কাজে লাগানো হবে।

ooooooooooooooooooooo

পুজোর পরেই কলকাতা ও হাওড়া পুরসভার নির্বাচন সেরে ফেলতে চাইছে রাজ্য সরকার। গতকাল পুর ও নগর উন্নয়ন দপ্তরের রাষ্ট্রমন্ত্রী উমেশ রাই বলেন , এসংক্রান্ত কাজ শুরু হয়ে গিয়েছে। নভেম্বর মাসে ভোট হবে। হাওড়া ,কলকাতা দুই পুরসভার ক্ষেত্রেই আসন পুনর্বিন্যাস করা হবে। হাওড়ায় ৫০-টি ওয়ার্ডের জায়গায় ৬০ টি ওয়ার্ড করার প্রস্তাব রয়েছে। প্রশাসন সূত্রে খবর ৫-ই ডিসেম্বরের আগেই নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করা হবে ।

উল্লেখ্য ২০১৮ সাল থেকে হাওড়া পুরসভার নির্বাচন অনুষ্ঠিত হয়নি। ৮বছর ধরে এই পুরসভায় কোন জনপ্রতিনিধি না থাকায় রাস্তাঘাট থেকে শুরু করে পুর পরিষেবার মান তলানিতে পৌঁছেছে । পুর পরিষেবার মান উন্নত করতে নতুন সরকার জেলাশাসক পি দীপাপ্রিয়াকে প্রশাসক হিসেবে দায়িত্ব দিয়েছে।

এছাড়াও শহরবাসীকে আরও উন্নত পরিষেবা দেওয়া যায় তার জন্য স্থানীয় বিধায়কদের নিয়ে একটি কমিটিও গঠন করা হয়েছে। এই কমিটিতে রয়েছেন উত্তর হাওড়ার বিধায়ক তথা মন্ত্রী উমেশ রাই, শিবপুর বিধানসভার বিধায়ক রুদ্রনীল ঘোষ এবং বালি বিধানসভার বিধায়ক সঞ্জয় সিং।

ooooooooooooooooooooo

কলকাতা হাইকোর্টে আজ ২০১৬ সালের উচ্চপ্রাথমিকে নিয়োগ সংক্রান্ত কাউন্সেলিং মামলার শুনানির আগেই গতকাল স্কুল সার্ভিস কমিশন কাউন্সেলিং-এর বিজ্ঞপ্তি জারি করেছে।। হাইকোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি তপোব্রত চক্রবর্তী ও বিচারপতি পার্থ সারথি চট্টোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চের নির্দেশ মত মামলার শুনানির আগেই ১ হাজার ২৪১ জনের কাউন্সেলিং-এর বিজ্ঞপ্তি জারি হয়েছে।

গত ২২ জুন শুনানিতে রাজ্যের এডভোকেট জেনারেল সুরজিৎ নাথ মিত্র আদালতে আশ্বাস দেন ১৫ দিনের মধ্যে তিনি সমস্যার সমাধানের চেষ্টা করবেন।সেই মতই এই বিজ্ঞপ্তি জারি হয়েছে ।

২০২৪ সালের ২৮ অগাস্ট কলকাতা হাইকোর্ট প্রায় ১৪ হাজার উচ্চ প্রাথমিকের শিক্ষক নিয়োগের নির্দেশ দেয়। কিন্তু শূন্যপদের সঙ্গে সংরক্ষণের তালিকা সামঞ্জস্যপূর্ণ না হওয়ার জন্য ১ হাজার ২৪১ জনের কাউন্সেলিং আটকে যায়। পরে স্কুল সার্ভিস কমিশন জানায় ১ হাজার ১৭৭টি পদের ভ্যাকেন্সি ম্যাচ করেছে। কিন্তু তারপরই নানান টালবাহানায় আটকে ছিল এদের নিয়োগ। কলকাতা হাইকোর্ট একাধিক বার কমিশনের আধিকারিকদের ভুমিকায় ক্ষোভ প্রকাশ করেছিলেন। অবশেষে আগামী ২১ জুলাই থেকে কাউন্সেলিং শুরু হবে বলে বিজ্ঞপ্তি জারি করেছে কমিশন।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর আজ ১১৩ তম জন্ম দিবস। এই উপলক্ষ্যে সিপিআইএম ও বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে দিন টি উদযাপন করা হচ্ছে। কলকাতায় প্রমোদ দাশগুপ্ত মেমোরিয়াল ট্রাস্টের উদ্যোগে প্রমোদ দাশগুপ্ত ভবনে আজ এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে। নিউ টাউনে জ্যোতি বসু সেন্টার ফর সোশ্যাল স্টাডিজ এন্ড রিসার্চ এর পক্ষ থেকে আজ বিকেলে এক আলোচনা সভার অনুষ্ঠিত হবে। আর্কাইভ, গ্যালারি ও মিউজিয়ামের প্রথম পর্যায়ের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন বিশিষ্ট প্রাবন্ধিক ও চিন্তক অধ্যাপক শমীক বন্দ্যোপাধ্যায়।

এদিন সকালে শিলিগুড়ির অনিল বিশ্বাস ভবনের সামনে সিপিআইএম এর পক্ষ থেকে জ্যোতি বসুর জন্মদিন উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরের নিম্নচাপটি আরও পশ্চিম উত্তর-পশ্চিমে সরে যাওয়ায় দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ কমেছে। আজ কলকাতা সহ গোটা দক্ষিণবঙ্গে মেঘলা আকাশ ও দু এক পশলা বৃষ্টির সম্ভাবনা রয়েছে ।

এদিকে উত্তরবঙ্গে বৃষ্টির পরিমাণ বেড়েছে ।আগামী দশ তারিখ পর্যন্ত ভারি থেকে অতি ভারী বৃষ্টির কমলা সর্তকতা রয়েছে বলে জানিয়েছেন আলিপুর আবহাওয়া দফতরের আঞ্চলিক অধিকর্তা হাবিবুর রহমান বিশ্বাস।

(বাইট – হাবিবুর)

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০